

প্রাইভেট, ভার্সিটির অবদান কম নয় ॥

নাহিদ

রাবি সংবাদদাতা ॥ শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশে পাবলিক বিশ্ববিদ্যালয়ের চেয়ে প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং সেখানে অধ্যয়নরত শিক্ষার্থীদের সংখ্যা অনেক বেশি। তাই প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে খাটো করে দেয়ার সুযোগ নেই। আমরা সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে কোন পার্থক্য করি না। তারা সকলেই আমাদের সম্মান। আমরা তাদের সবার জন্য সমান সুযোগ নিশ্চিত করতে চাই। আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে নতুন প্রজন্মের নেতৃত্বে থাকবে পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। মঙ্গলবার দুপুরে রাজশাহী মহানগরীর বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের চতুর্থ প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রাজশাহী নগরীর খড়খড়ি বাইপাস এলাকায় বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত মূল ক্যাম্পাসের জন্য নির্ধারিত জায়গায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।